

নির্ধারিত প্রকৌশলী কার্যালয় গণপূর্ত ইউ/এম এম আই এস বিজ্ঞান-২, ঢাকা।			
স্মারক নং- ২৫৩২	তারিখ ৩-২২/১২/২৩	প্রতাপকারী	
সং: প্র:	উ: বি: প্র:	নি: প্র:	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৪৮.১৪.৯৯৩

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০

১৫ নভেম্বর ২০২৩

বিষয়: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পদার্থ বিজ্ঞান গ্যালারীর টয়লেট সংস্কার ও ডাইরেक्टर মহোদয়ের রুমের টয়লেট টাইলস স্থাপন, মহাকাশ গ্যালারীর টয়লেট সংস্কার, কিউরেটরিয়াল রুমের গলির ফাঁকা স্থানে সিলিং স্থাপন কলাপসিবল গেইট স্থাপনসহ আনুষঙ্গিক কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকার স্বারক নং-/৩৯.০৩.০০০০.০০৪.৮৩.০০১.১৭-৭৩৩(১) তারিখঃ-১৬/০৬/২০২৩ খ্রিঃএর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ১২,৮৬,১৯৭- (বার লক্ষ ছিয়াশি হাজার একশত সাতানব্বই) টাকার ১টি চেক যার নম্বর সিজি-১০০ ০৮১৬১১৬ তারিখঃ-২২-০৬-২০২৩ খ্রিঃ, সোনালী ব্যাংক লিমিটেড, পিএসসি শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হল।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি, পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে।

- (ক) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- (খ) কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (গ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- (ঘ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ চেক নম্বর সিজি-১০০ ০৮১৬১১৬ তারিখঃ-২২-০৬-২০২৩ খ্রিঃ।

টাকার পরিমাণঃ ১২,৮৬,১৯৭- টাকা।

15/11/23

১৫-১১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন